أكاديمية التربية

TARBIYAH ACADEMY

# ডিপ্লোমা ইন ইসলামিক স্টাডিজ

দুই বছর মেয়াদি কোর্স



# পরিচয়

বর্তমান সমাজ ব্যবস্থায় নিজেকে “সফল” দেখতে চায় না এমন কেউ নেই। কিন্তু সত্যিকার সফলতাকে আসলেই কি আমরা চিনতে পেরেছি? পার্থিব মানদন্ডের এই তথাকথিত “সফল” হয়তো অনেকে হচ্ছেনও বটে; কিন্তু তা কার কাছে? আপনার মত আরেকজন পৃথিবীবাসি মানুষের কাছেই তো তাই না?

এই আর্থিক বা পার্থিবভাবে সফলতা অর্জনের দৌড়ে নেমে আমরা কিন্তু আমাদের আসল সফলতা – “আল্লাহ্‌র দৃষ্টিতে সফলতা” কে বেমালুম ভূলে বসে আছি।

এর মাঝেও কিছু ভাই বোনেরা ভেবে থাকেন, বয়স-ক্লাস এসবের গন্ডি পেরিয়ে একটু যদি প্রাতিষ্ঠানিকভাবে দ্বীনটাকে শিখতে পারতাম!

তবুও অনেক বাবা-মা স্বপ্ন দেখেন সন্তান যদি সঠিকভাবে আল্লাহ্‌কে চিনতো, জানতো, মানতো!

আবার অনেক কলেজ ভার্সিটির পড়ুয়ারাও খোঁজেন একটা সিস্টেম্যাটিক দীন শিক্ষার প্ল্যাটফর্ম।

এই ভাবনা, স্বপ্ন আর খোঁজগুলোকে সামনে রেখেই তারবিয়াহ একাডেমী জ্ঞানপিপাসুদের জন্য এক অনন্য সুযোগের দ্বার উন্মোচন করেছে। সম্পূর্ণ অনলাইন প্ল্যাটফর্মে দেশবরণ্য ইসলামী ব্যক্তিত্ব শায়খ প্রফেসর মোখতার আহমাদ স্যারের সরাসরি তত্বাবধানে পরিচালিত তারবিয়াহ একাডেমী জেনারেল শিক্ষিত ছাত্র-ছাত্রী, বিভিন্ন শ্রেণী-পেশা ও বয়সের ভাই ও বোনেরা, চাকরীজীবী, ব্যবসায়ী এবং গৃহিণীদের জন্য নিয়ে এলো – “দু বছর ব্যাপী – ডিপ্লোমা ইন ইসলামিক স্টাডিজ” যেখানে শিক্ষার্থী সহিহ দ্বীন শিখতে পারবেন (ইন শা আল্লাহ্‌)।




# ডিপ্লোমা প্রোগ্রাম

যারা বিশুদ্ধ পদ্ধতিতে ও নির্ভরযোগ্য ইসলামী স্কলারদের মাধ্যমে দ্বীনের মৌলিক জ্ঞানার্জন করে নিজেকে দা'ঈ ইলাল্লাহ ও ইসলামিক স্কলারে পরিণত করতে চান, তাদের জন্যে বিশেষভাবে কোর্সটি ডিজাইন করা।

কোর্সটি পার্টটাইম ও ফুল-টাইম ভিত্তিতে করা যায়। এ কোর্সটির মূল উদ্দেশ্য হলো, প্রত্যেক মুসলিম নর-নারীর মধ্যে বিদ্যমান ইসলামী জ্ঞানের যে অপূর্ণতা ও ত্রুটি-বিচ্যুতি রয়েছে তা দূর করে বিজ্ঞানসম্মত উপায়ে, পরিপূর্ণ একাডেমিক পদ্ধতিতে, উন্নত সিলেবাস, কোর্স কারিকুলাম ও সমসাময়িক নির্ভরযোগ্য ইসলামিক স্কলারদের সরাসরি পাঠদানের মাধ্যমে দ্বীনের বিশুদ্ধ জ্ঞান সরবরাহ করা।

কোর্সটি সম্পূর্ণ অন-লাইনভিত্তিক। এটি মোট ছয়টি সেমিস্টারে বিভক্ত। এ কোর্সের শিক্ষার্থীগণ পর্যায়ক্রমে ইসলামী জ্ঞানের বিশেষায়িত (স্পেশালিজড) সাব্জেক্টসমূহে অনার্স, মাস্টার্স ও পিএইচডি লেভেল পর্যন্ত উন্নীত হতে পারবেন, ইং শা আল্লাহ।
তারবিয়াহ ডিপ্লোমা প্রোগ্রামের রয়েছে একঝাক স্বনামধন্য, অভিজ্ঞ ও নির্ভরযোগ্য শিক্ষকমণ্ডলী, যারা দেশ-বিদেশের বিভিন্ন লিডিং বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ডিগ্রি অর্জন করে বিশ্বের বিভিন্ন দেশে শিক্ষা, গবেষণা ও দাওয়াহ কাজে দক্ষতা, সুনাম ও সফলতার সাথে নিয়োজিত রয়েছেন।

# লক্ষ্য ও উদ্দেশ্য

তারবিয়াহ একাডেমির রয়েছে সুদূরপ্রবাসী লক্ষ্য ও উদ্দেশ্যঃ

- ইসলাম সম্পর্কে মৌলিক জ্ঞানার্জন
- ইসলামের মৌলিক বিষয়াবলীর যথাযথ জ্ঞানার্জন
- সেমিস্টার ও সিলেবাসভিত্তিক পাঠদান ও নিয়মিত পরীক্ষা গ্রহণ
- নির্ধারিত টেক্সটবুক, কোর্স আউটলাইন ও পাঠ-পরিকল্পনার ভিত্তিতে পাঠদান
- কুরআন, হাদিস, আকিদাহ, আখলাক, ফিকহ, সিরাহ, ইতিহাস, মু'আমালাত -মু'আশারাত, ফ্যামিলি ম্যানেজমেন্ট, প্যারেন্টিং, ইসলামিক লাইফস্টাইল ইত্যাদি বিষয়ে জ্ঞানার্জন
- নির্ভরযোগ্য ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক স্কলারদের মাধ্যমে ক্লাস পরিচালনা



# কেন এই কোর্স?

- তাজউইদসহ সহীহশুদ্ধ তিলাওয়াত
- আরবী ভাষায় দক্ষতা অর্জন
- কুরআন ও সহীহ হাদীস মুখস্থ করন, অর্থ ও ব্যাখ্যা বুঝা
- হাদীস-বিজ্ঞান ও তাফসীরের মূলনীতি সম্পর্কে পূর্ণ ধারণা
- সহীহ আকীদাহ ও বাতিল ফেরকাগুলো সম্পর্কে জ্ঞানার্জন
- ফিকহের মূলনীতি, ফিকহের মৌলিক বিষয়াবলী ও মাসআলা-মাসায়েল জানা
- সীরাতুন নাবী, খুলাফায়ে রাশেদীন ও ইসলামের সোনালী যুগের ইতিহাস জানা
- দাওয়াহ পদ্ধতি আদব আখলাক ও শিষ্টাচার শিক্ষা
- ইসলামিক ম্যানেজমেন্ট সন্তান প্রতিপালন এবং পারিবারিক বন্ধন

سبحان الله

## তারবিয়াহ ডিপ্লোমা ইন ইসলামিক স্টাডিজ এর বৈশিষ্ট্য

তারবিয়াহ ডিপ্লোমা ইন ইসলামিক স্টাডিজ এর বৈশিষ্ট্য :

১) বিশুদ্ধ আকীদাহ-মানহাজের অধিকারী শাইখদের মাধ্যমে সরাসরি ক্লাসে অংশগ্রহণ
২) বিশ্বের যেকোন স্থান থেকে জুম অ্যাপের মাধ্যমে ক্লাসে অংশগ্রহণ
৩) পরিপূর্ণ দ্বীনী আবহে ক্লাস পরিচালনা
৪) উন্নত মানের হ্যান্ডনোট, টেক্সট বুক, ও রিডিং ম্যাটারিয়েল
৫) গ্রুপ স্টাডির ব্যবস্থা
৬) পিরিওডিক্যাল সেমিনার, সিম্পোজিয়াম ও কনফারেন্স আয়োজন
৭) বিভিন্ন মোরাল, স্পিরিচুয়াল, ও মোটিভেশনাল সেশন
৮) ক্লাসে অংশ নিতে না পারলে রেকর্ডিং দেখে পাঠ শেখার সুযোগ
৯) মেধাবী, কমিটেড ও গরীব শিক্ষার্থীদের জন্যে স্কলারশীপ ব্যবস্থা

# ফ্যাকাল্টি

## প্রফেসর মোখতার আহমাদ
চেয়ারম্যান ও রেক্টর, তারবিয়াহ এডুকেশন নেটওয়ার্ক

## প্রফেসর ড. আবু বকর মুহা: যাকারিয়া
পিএইচডি, মদীনা ইউনিভার্সিটি, প্রফেসর কুষ্টিয়া ইসলামী ইউনিভার্সিটি

## প্রফেসর ড. যুবায়ের এহসানুল হক
বিভাগীয় প্রধান, আরবি বিভাগ,ঢাকা বিশ্ববিদ্যালয়

## ড. মীর মনজুর মাহমুদ
সহকারী অধ্যাপক, জাতীয় বিশ্ববিদ্যালয়

## ড. মতিউল ইসলাম
সহকারী অধ্যাপক, বাংলাদেশ ইসলামিক ইউনিভার্সিটি

## আবুল কাসেম মোহাম্মাদ সফিউল্লাহ
CSAA (Certified Shari'ah Advisor and Auditor, AAOIFI, Bahrain)
Member, Central Shari'ah Board for Islamic Banks of Bangladesh.

## জাকারিয়া মাসুদ
লেখক, ইসলামী সাহিত্যিক ও চিন্তক।

## হোসাইন মোহাম্মাদ
কো-অর্ডিনেটর, ডিপ্লোমা ইন ইসলামিক স্টাডিজ, তারবিয়াহ এডুকেশন নেটওয়ার্ক

## হুসাইন ফাইয়ায
কো-অর্ডিনেটর, আলিমিয়্যাহ প্রোগ্রাম, তারবিয়াহ এডুকেশন নেটওয়ার্ক

## মোঃ আবু নোমান
কো-অর্ডিনেটর, হিফজ প্রোগ্রাম, তারবিয়াহ এডুকেশন নেটওয়ার্ক

# ক্লাসের ধরণ, পদ্ধতি, সময় ও ক্লাস-সংখ্যা

২ বছর মেয়াদী কোর্সে মোট

## ৬টি সেমিস্টার

মাধ্যম: জুম অ্যাপ্লিকেশন
ধরণ: অনলাইন

**স্প্রিং** জানুয়ারি - এপ্রিল

**সামার সেশন** মে -আগস্ট

**ফল** সেপ্টেম্বর - ডিসেম্বর

ক্লাস: বাংলাদেশ সময় রাত ৮: ০০ থেকে ১০: ০০ টা পর্যন্ত

- ২ টি ক্লাস এক দিনে
- তিন দিন এক সপ্তাহে
- ৯৬ ক্লাস প্রতি সেমিস্টারে
- ১৬ সেশন প্রতি বিষয়ে

# পরীক্ষা-পদ্ধতি

প্রতি ক্লাসে হোমওয়ার্ক
ও এসাইনমেন্ট

মধ্যেবর্তী পরীক্ষা
(লিখিত ও মৌখিক)

ফাইনাল পরীক্ষা
(লিখিত ও মৌখিক)

# মৌলিক বিষয়াবলী

- ا কুরআন ও উলূমুল কুরআন
- ب ইসলামী আকীদাহ
- ت ফিকহ ও উসূলুল ফিকহ
- ث হাদীস ও উলূমুল হাদীস
- ج সীরাতুন্নাবী (সাঃ)
- ح ইসলামের ইতিহাস
- غ লাইফস্টাইল ও লাইফ হ্যাক্স
- د এরাবিক ও কুরআনিক এরাবিক
- ذ দাওয়াহ এবং দা'ঈ



## সেমিস্টারভিত্তিক কোর্স

# প্রথম সেমিস্টার

| ক্রম | কোর্স বিবরণী | |
|---|---|---|
| ০১ | **কুরআন স্টাডিজ- ০১** | কায়িদাহ নূরানিয়াহ ও বেসিক তাজউইদ |
| ০২ | **ইসলামি আকীদাহ- ০১** | আকীদার মূলনীতিসমূহ |
| ০৩ | **ফিকহুল ইবাদাহ- ০১** | ফিকহুত ত্বহারাত |
| ০৪ | **হাদীস স্টাডিজ- ০১** | হাদীসের পরিভাষাসমূহ ও ইমাম নববীর ৪০ হাদিস |
| ০৫ | **সীরাতুন্নাবী- ০১** | রাসূলুল্লাহ (সা.) এর মাক্কি জীবন |
| ০৬ | **এরাবিক ল্যাঙ্গুয়েজ- ০১** | মাদীনা এরাবিক রিডার (LQC VOL-1) |
| ০৭ | **লাইফস্টাইল- ০১** | হিলয়াতু ত্বলিবিল ইলম : জ্ঞানার্জনের শিষ্ঠাচার |

• লাইফস্টাইল ০১ : জ্ঞানার্জনের শিষ্ঠাচার (কোর্সটি ফাউন্ডেশন কোর্স হিসেবে শুরুতেই তিনদিন ক্লাস হবে)

# সেমিস্টারভিত্তিক কোর্স

# দ্বিতীয় সেমিস্টার

| ক্রম | কোর্স বিবরণী | |
|---|---|---|
| ০১ | **কুরআন স্টাডিজ- ০২** | বিশুদ্ধ ও দ্রুত তিলাওয়াত শিক্ষা : নাজেরা |
| ০২ | **ইসলামি আকীদাহ- ০২** | নাজাতপ্রাপ্ত দলের আকীদাহ |
| ০৩ | **ফিকহুল ইবাদাহ- ০২** | ফিকহুস স্বলাত |
| ০৪ | **হাদীস স্টাডিজ- ০২** | সহিহ আল-বুখারী (নির্বাচিত ২৫০ হাদীস)<br>অধ্যায়সমূহ : ওয়াহি, ঈমান,ইলম, উদু<br>গোসল, হায়েজ, ও তায়াম্মুম |
| ০৫ | **সীরাতুন্নাবী- ০২** | রাসূলুল্লাহ (সা.) এর মাদানি জীবন |
| ০৬ | **এরাবিক ল্যাঙ্গুয়েজ- ০২** | মাদীনা এরাবিক রিডার (LQC VOL-2) |

সেমিস্টারভিত্তিক কোর্স

# তৃতীয় সেমিস্টার

| ক্রম | কোর্স বিবরণী | |
|---|---|---|
| ০১ | **কুরআন স্টাডিজ- ০৩** | হিফজুল কুরআন : জুয আম্মা/৩০তম পারা<br>এডভান্সড তাজউইদঃ আইমান সুআইদ |
| ০২ | **ইসলামি আকীদাহ- ০৩** | তাওহীদ আল-আসমা ওয়াস সিফাত |
| ০৩ | **ফিকহুল ইবাদাহ- ০৩** | ফিকহুস সাওম ও হাজ্জ |
| ০৪ | **হাদীস স্টাডিজ- ০৩** | সহিহ আল-বুখারী (নির্বাচিত ২৫০ হাদীস)<br>অধ্যায়সমূহ : স্বলাত, সুতরাহ, আওকাতিস স্বলাত, আযান, জুমু'আহ, স্বলাতিল খাওফ /ঈদাইন/সালাতুল বিতর/ইসতিসকাহ/কুসূফ /কসর ও জানাইজ |
| ০৫ | **ইসলামের ইতিহাস- ০১** | খুলাফায়ে রাশিদাহ : জীবন ও কর্ম |
| ০৬ | **এরাবিক ল্যাঙ্গুয়েজ- ০৩** | মাদীনা এরাবিক রিডার (LQC VOL-3) |

# সেমিস্টারভিত্তিক কোর্স

## চতুর্থ সেমিস্টার

| ক্রম | কোর্স বিবরণী | |
|---|---|---|
| ০১ | **কুরআন স্টাডিজ- ০৪** | হিফজুল কুরআন : ২৯তম জুয<br>তাজউইদঃ আইমান সুআইদ |
| ০২ | **ইসলামি আকীদাহ- ০৪** | ফিরকাহ বাতিলাহ : আকীদায় প্রাচীন ও আধুনিক বিভ্রান্ত মতবাদ |
| ০৩ | **ফিকহুল ইবাদাহ- ০৪** | ফিকহুয যাকাত : যাকাত একাউন্টিং |
| ০৪ | **হাদীস স্টাডিজ- ০৪** | সহিহ আল-বুখারী (নির্বাচিত ২৫০ হাদীস)<br>অধ্যায়সমূহ : কিতাবুয যাকাত ও কিতাবুস সাওম, কিতাবুল হাজ্জ |
| ০৫ | **ইসলামের ইতিহাস- ০২** | আব্বাসীয় ও উমাইয়্যাহ খিলাফত |
| ০৬ | **এরাবিক ল্যাঙ্গুয়েজ- ০৪** | মাদীনা এরাবিক রিডার (LQC VOL-4) |

# সেমিস্টারভিত্তিক কোর্স

## পঞ্চম সেমিস্টার

| ক্রম | কোর্স বিবরণী | |
|---|---|---|
| ০১ | **উলুমুল কুরআন- ০১** | উলুমুল কুরআন : কুরআন বুঝার মূলিনীতিসমূহ |
| ০২ | **ইসলামি আকীদাহ- ০৫** | তুলনামূলক ধর্মতত্ত্ব |
| ০৩ | **ফিকহুল মু'আমালাহ- ০১** | ইসলামি অর্থব্যবস্থা ও উত্তরাধিকার আইন |
| ০৪ | **হাদীস স্টাডিজ- ০৫** | সহিহ আল-বুখারী (নির্বাচিত ২৫০ হাদীস)<br>অধ্যায়সমূহ : কিতাবুল বুয়ু', কিতাবুল জিহাদ, কিতাবুন নিকাহ, কিতাবুত ত্বলাক) |
| ০৫ | **দাওয়াহ এবং দা'ঈ- ০১** | দাওয়াহ ও দা'ঈ এর মূলনীতি ও বৈশিষ্ট্য |
| ০৬ | **এরাবিক ল্যাঙ্গুয়েজ- ০৫** | মাদীনা এরাবিক রিডার (LQC VOL-5) |

# সেমিস্টারভিত্তিক কোর্স

## ৬ষ্ঠ সেমিস্টার

| ক্রম | কোর্স বিবরণী | |
|---|---|---|
| ০১ | **তাফসীরুল কুরআন- ০১** | সূরা কাহাফ ও সূরা ইউসুফ এর প্রায়োগিক তাফসীর |
| ০২ | **উসূলুল ফিকহ- ০৬** | শরীয়াহ মাকাসিদ ও মূলনীতিসমূহ |
| ০৩ | **হাদীস স্টাডিজ- ০৬** | সহিহ আল-বুখারী (নির্বাচিত ২৫০ হাদীস)<br>অধ্যায়সমূহ : মানাকিব, ফাদাঈলিল কুরআন, আত'ইমাহ, আশরিবাহ, লিবাস, মারদা, ত্বিব্ব, আদাব, দা'ওয়াত/দুয়াসমূহ, রিক্বাক) |
| ০৪ | **ইসলামিক লাইফস্টাইল- ০২** | প্রোডাক্টিভ মুসলিম<br>(একজন সফল মুসলিম জীবনের রূপরেখা) |
| ০৫ | **উসূলুল ফিকহ- ০৭** | উসূলুল ফিকহ : ইসলামি ফিকহের মূলনীতিসমূহ |
| ০৬ | **এরাবিক ল্যাঙ্গুয়েজ- ৬&৭** | মাদীনা এরাবিক রিডার (LQC VOL-6-7) |

# পেমেন্ট পদ্ধতি

তারবিয়াহ একাডেমি এর ডিপ্লোমা ইন ইসলামিক স্টাডিজ প্রোগ্রামটি ছয় সেমিস্টারে মোট দুই বছর মেয়াদি। প্রতি সেমিস্টার ৪ মাসের।ডিপ্লোমা ইন ইসলামিক স্টাডিজ এর পেমেন্ট পদ্ধতি হলোঃ

১) প্রতি সেমিস্টারে কোর্স ফিঃ ১২,০০০/টাকা

২) সেমিস্টারের শুরুতেই সম্পূর্ণ কোর্স ফি প্রদান করতে হবে।

৩) তবে কেউ চাইলে দুই ইন্সটলমেন্ট এর মাধ্যমেও টিউশন ফি প্রদান করতে পারেন

৪) গরীব ও মেধাবী শিক্ষার্থীদের জন্যে স্কলারশীপ/স্টাইপেন্ড এর ব্যবস্থা রয়েছে

তারবিয়াহ এর বিভিন্ন কোর্সে পেমেন্ট করতে হলে যা করতে হবে।
আপনি নিচের যে কোনো একটি পদ্ধতিতে পে করতে পারবেন ইং শা আল্লাহ :

১) বিকাশ মার্চেন্ট নম্বর: আপনার বিকাশ অ্যাপ থেকে Make Payment অপশনে গিয়ে এই নম্বরে 01841412525 নম্বরে পেমেন্ট করুন। কোনো অবস্থায়ই **'সেন্ড মানি'** করবেন না।

২) অথবা, তারবিয়াহ এর ব্যাংক একাউন্টের মাধ্যমে পেমেন্ট করুনঃ

**Tarbiyah Academy, 4012111000007923, SHAHJALAL ISLAMI BANK, Shatmasjid Road Branch(4012), Swift Code: SJBLBDDHSMR, Routing Number: 190264035, DHAKA, BANGLADESH.**

# আমাদের অন্যান্য কার্যক্রমসমূহ

- আলিমিয়্যাহ ও হিফজুল কুরআন নামে একাডেমিক দুইটি বিভাগে তারবিয়াহ একাডেমির বিভিন্ন কোর্স রয়েছে।
- একাডেমিক কোর্সের পাশাপাশি শিশুদের মেধা ও মনন বিকাশের জন্য বিভিন্ন কালচারাল ও শিক্ষামূলক কার্যক্রমের আয়োজন করা হয়ে থাকে।
- বাংলা ও ইংলিশ ভাষাভাষীদের জন্য পৃথক বাংলা ও ইংলিশ ভার্সন রয়েছে।
- ইংরেজিতে দুর্বল ছাত্র-ছাত্রীদের জন্য ইংরেজি শেখার কোর্স রয়েছে।
- শিক্ষার্থীদের নৈতিক ও চারিত্রিক দিক দিয়ে উন্নত করে তুলতে বিশেষ কাউন্সিলিং প্রোগ্রাম রয়েছে।
- পিতা-মাতার দায়িত্ব-সচেতনতা বাড়াতে প্যারেন্টিং কোর্স রয়েছে।




# পলিসি নীতিমালা

- তারবিয়াহ একাডেমি সর্বদাই ইতিবাচকতায় বিশ্বাসী। একাডেমিক ও আনুষঙ্গিক সকল বিষয়ে শিক্ষার্থীদের জন্য রয়েছে সমান সুযোগ-সুবিধা ও অধিকার। শিক্ষার্থীদের মাঝে চাহিদার বিভিন্নতা থাকতেই পারে – এ বিষয়টি স্বীকার করেই তারবিয়াহ একাডেমি বিষয়াবলীর ক্ষেত্রে প্রতিজ্ঞাবদ্ধ।
- সকল শিক্ষার্থীকে যথাযথ ও সমান দৃষ্টিতে দেখা ।
- শিক্ষার্থীদের শিক্ষা ও চরিত্র-গঠন সংক্রান্ত বিষয়েহয়সহযোগিতাপ্রদান করা হয়।
- সকল বিষয়ে শিক্ষার্থীদেরকে ইতিবাচক ভূমিকা রাখতে উৎসাহিত করা হয়।
- যারা ক্লাস করতে পারবে না, তারা ক্লাসের রেকর্ডিং দেখে পাঠ সমাপ্ত করতে পারবেন।
- শিক্ষার্থীদের সফলতাকে মূল্যায়ন করা হয়।
- শিক্ষার্থীদের প্রয়োজনকে সর্বদা গুরুত্বের সাথে নেয়া হয়।

# নিয়মানুবর্তীতা ও উপস্থিতি সংক্রান্ত নিয়মাবলী

- মানসম্মত শিক্ষা প্রদান করতে তারবিয়াহ একাডেমি সকল শিক্ষার্থী ও অভিভাবকের নিকট প্রতিজ্ঞাবদ্ধ। আমরা বিশ্বাস করি যে, শিক্ষার্থীদের ক্লাসে নিয়মতান্ত্রিক উপস্থিতি গুণগত শিক্ষার পূর্বশর্ত। কেননা, ক্লাসে নিয়মানুবর্তী শিক্ষার্থীই কেবল একাডেমিক সকল সুযোগ-সুবিধা অর্জন করতে সক্ষম।
- সকল শিক্ষার্থীরই সকল ক্লাসে অংশগ্রহণ করা অত্যাবশ্যক।
- ক্লাস শুরু হওয়ার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে ওয়াটসঅ্যাপ গ্রুপে লিংক প্রদান করা হবে।
- শিক্ষার্থীরা মূল ক্লাস শুরু হওয়ার নির্ধারিত সময়ের পূর্বেই ক্লাসে জয়েন করবে।
- যে শিক্ষার্থীরা ক্লাসের নির্ধারিত সময়ের ১০ মিনিট পরে জয়েন করবে তারা বিলম্বিত বলে বিবেচিত হবে।
- আমাদের উপস্থিতি টার্গেট ১০০%। ধারাবাহিক দুই সপ্তাহে যদি উপস্থিতি ৯৫% এর কম হয়, তবে অভিভাবককে এ ব্যাপারে জবাবদিহিতা করতে হবে।
  নিয়মানুবর্তী শিক্ষার্থীদেরকে যথাযথ মূল্যায়ন করা হবে।

# হোমওয়ার্ক

এ বিষয়ে কোন দ্বিমত নেই যে, শিক্ষার্থীদেরকে নিছক ক্লাসের সময়ে পাঠ প্রদানের মধ্যেই একটি শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্ব সীমাবদ্ধ নয়। শিক্ষা অর্জনের মাধ্যম যেহেতু অসংখ্য, তাই শিক্ষার্থীদের জন্য বিভিন্ন ধরণের কার্যক্রম ও প্রক্রিয়ার ব্যবস্থা রাখা অত্যন্ত জরুরী। এ বিষয়টি গুরুত্বের সাথে নিয়েই আমরা শিক্ষার্থীদের জন্য বিভিন্ন কার্যক্রমের ব্যবস্থা রেখেছি। তাদের জন্য নিয়মিত হোমওয়ার্ক, এসাইনমেন্ট ও অন্যান্য টাস্ক থাকবে। এবং এ সকল বিষয়েই শিক্ষার্থীদেরকে মূল্যায়ন করা হবে।

# সাধারণ ই-সেফটি পলিসি

- তারবিয়াহ একাডেমি'র সকল ক্লাস অনলাইনে "ZOOM CLOUD" এ সম্পাদিত হবে।
- ক্লাসের জন্য সুন্দর ও নিরিবিলি কোন কক্ষ নির্বাচন করতে হবে।
- শিক্ষার্থীরা আবশ্যিকভাবে তাদের ভিডিও অন রাখবে। প্রাপ্তবয়স্কা মেয়েরা নিকাব ব্যবহার করবে।
- শিক্ষার্থীদের অডিও ও ভিডিও মিউট-আনমিউটের কনট্রোল শিক্ষকের হাতে থাকবে।
- ক্লাস-লেসন আপলোড, অফিসিয়াল ও প্রমোশনাল উদ্দেশ্যে সকল ক্লাস রেকর্ড করা হবে এবং তার কপিরাইট সম্পূর্ণরূপে তারবিয়াহ একাডেমির।
- ক্লাস রেকর্ডিং, লেকচার শীট, ক্লাস-প্রেজেন্টেশন, ওয়ার্কশীট ইত্যাদি যা শিক্ষার্থীরা প্রাপ্ত হবে তা শুধুমাত্র তাদের একাডেমিক উদ্দেশ্যেই ব্যবহার করতে পারবে। অনুমতি ব্যতীত তৃতীয় কাউকে হস্তান্তর করা বা পাবলিশ করা অপরাধ বলে গন্য হবে।
- কোন শিক্ষার্থীর দ্বারা তারবিয়াহ একাডেমির শিক্ষক, স্টাফ, ছাত্র ও অভিভাবকের কোন ধরণের ব্যক্তিগত তথ্য কোথাও প্রকাশ করা অপরাধ বলে গন্য হবে।
- শিক্ষার্থীরা তাদের আইডি, পাসওয়ার্ড, ক্লাস লিংক কোথাও শেয়ার করবে না।
- ক্লাস চলাকালীন সময়ে শিক্ষার্থীর সার্বিক সুরক্ষার দায়িত্ব সম্পূর্ণরূপে অভিভাবকদের।

# جزاك الله خيرا

أكاديمية التربية

TARBIYAH ACADEMY